অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/30/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো নিউ ইয়র্কবাসীদের ন্যূনতম মজুরি বৃদ্ধির কথা স্মরণ করিয়ে দিয়েছেন

আঞ্চলিক ন্যূনতম মজুরি 31 শে ডিসেম্বর থেকে বৃদ্ধি করার সাথে সাথে ন্যূনতম 15 মার্কিন ডলার মজুরির দিকে এগিয়ে যাচ্ছে নিউইয়র্ক

কর্মীদের মজুরি বর্ধনের সাথে সম্মতি দিচ্ছে না এমন অভিযোগ করার জন্য শ্রমিকদের ওয়েজ থেফট হটলাইন (Wage Theft Hotline) (1-888-4-NYSDOL) সাথে যোগাযোগ করতে স্মরণ করিয়ে দেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ নিউ ইয়র্কের কর্মী এবং ব্যবসায়ীদের স্মরণ করিয়ে দিয়েছেন যে সারা রাজ্য জুড়ে ন্যূনতম মজুরি বৃদ্ধি পাবে আগামী 31 শে ডিসেম্বর, 2019 থেকে, এবং নিয়োগকর্তাকে স্মরণ করিয়ে দিয়েছেন যে তাদের প্রয়োজনীয় ন্যূনতম বেতনের তথ্যমূলক পোস্টার আপডেট করতে হবে। 2016 সালে, গভর্নর পর্যায়ক্রমে বাস্তবায়িত হওয়া দেশের সবচেয়ে শক্তিশালী ন্যূনতম মজুরি আইন কার্যকর করার জন্য প্রচারণা চালিয়েছিলেন এবং সফল হয়েছেন, চূড়ান্তভাবে রাজ্যব্যাপী সর্বনিম্ন মজুরি 15 মার্কিন ডলার অর্জন করতে সক্ষম হয়েছেন।

"সর্বনিম্ন মজুরিতে এই অবিস্মরণীয় বৃদ্ধির ফলে, নিউইয়র্ক শ্রমজীবী পরিবারগুলির জন্য অর্থনৈতিক ন্যায়বিচার পুনরুদ্ধারের পথে এগিয়ে চলেছে," **গভর্নর কুওমো বলেন।** "2016 সালে আমরা ন্যূনতম মজুরি ১৫ মার্কিন ডলারে বাড়িয়ে বাকি রাজ্যগুলির জন্য একটি উদাহরণ তৈরী করেছি এবং এই বছর আমরা এই সফল পরিকল্পনাকে সামনে রেখে এগিয়ে চলেছি যা নিউ ইয়র্কের পরিবারগুলির জন্য সত্যিকারের পরিবর্তন আনছে এবং সমস্ত রাজ্যজুড়ে লভ্যাংশ প্রদান করছে।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম অধিদপ্তর (New York State Department of Labor) একটি হটলাইন (1-888-4-NYSDOL) স্থাপন করেছে যেখানে সর্বনিম্ন বেতনভোগীরা সেইসব নিয়োগকর্তার বিরুদ্ধে অভিযোগ করতে পারবে যারা ফেজ-ইন সময়সূচি মেনে চলবে না।

31 ডিসেম্বর, 2019, সাধারণ সর্বনিম্ন বেতনের হার বৃদ্ধি পাবে:[

LOCATION	নতুন ন্যূনতম মজুরি কার্যকর 12/31/19	2019 ন্যূনতম মজুরি
নিউ ইয়র্ক শহর - বড় নিয়োগকর্তা (10 বা তার কম)	15.00 মার্কিন ডলার	13.50 মার্কিন ডলার
লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টার	13.00 মার্কিন ডলার	12.00 মার্কিন ডলার
রাজ্যের বাকি	11.80 মার্কিন ডলার	11.10 মার্কিন ডলার

*নিউ ইয়র্ক শহরে, বৃহত্তর নিয়োগকারীদের জন্য (11 বা ততোধিক), সর্বনিম্ন মজুরি প্রতি ঘন্টায় 15.00 মার্কিন ডলার থাকবে

ডিসেম্বর 31 এ, 2019, ফাস্ট ফুড শ্রমিকদের জন্য সর্বনিম্ন বেতনের হার বৃদ্ধি পাবে:

LOCATION	নতুন ন্যূনতম মজুরি কার্যকর 12/31/19	2019 ন্যূনতম মজুরি
নিউ ইয়র্ক শহরের বাইরে	13.75 মার্কিন ডলার	12.75 মার্কিন ডলার

* নিউ ইয়র্ক শহরে, সর্বনিম্ন মজুরি থাকবে প্রতি ঘন্টায় 15.00 মার্কিন ডলার

সাধারণ ন্যূনতম মজুরি হারের সময়সূচী						
অবস্থান	12/31/16	12/31/17	12/31/18	12/31/19	12/31/20	2021*
নিউ ইয়র্ক শহর - বড় নিয়োগকর্তা (11 বা তার বেশি)	11.00 মার্কিন ডলার	13.00 মার্কিন ডলার	15.00 মার্কিন ডলার			
নিউ ইয়র্ক শহর - বড় নিয়োগকর্তা (10 বা তার কম)	10.50 মার্কিন ডলার	12.00 মার্কিন ডলার	13.50 মার্কিন ডলার	15.00 মার্কিন ডলার		
লং আইল্যান্ড বা ওয়েস্টচেস্টার	10.00 মার্কিন ডলার	11.00 মার্কিন ডলার	12.00 মার্কিন ডলার	13.00 মার্কিন ডলার	14.00 মার্কিন ডলার	15.00 মার্কিন ডলার

সাধারণ ন্যূনতম মজুরি হারের সময়সূচী						
অবস্থান	12/31/16	12/31/17	12/31/18	12/31/19	12/31/20	2021*
বাকি নিউ ইয়র্ক স্টেটের কর্মী	9.70 মার্কিন ডলার	10.40 মার্কিন ডলার	11.10 মার্কিন ডলার	11.80 মার্কিন ডলার	12.50 মার্কিন ডলার	*

15 মার্কিন ডলার সর্বনিম্ন বেতনের অন্তর্ভূক্তি

- 15 মার্কিন ডলার সর্বনিম্ন বেতন আইনটি 2016-17 স্টেট বাজেটের অংশ হিসেবে পাশ করানো হয়েছিল, এবং নিউ ইয়র্ক স্টেটের কর্মজীবী পরিবারগুলির জন্য অর্থনৈতিক ন্যায্যতা প্রতিষ্ঠা করতে গভর্নরের প্রচেষ্টার জন্য এটি একটি বিশাল অর্জন। অঞ্চলভেদে ফেজ-ইন সময়সূচি নিম্নরূপঃ
- নিউ ইয়র্ক শহরের বড় নিয়োগকর্তাদের (যাদের কমপক্ষে 11 জন কর্মী আছে) জন্য কাজ করা কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 11 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 2 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/2018 এ 15 মার্কিন ডলার হবে।
- নিউ ইয়র্ক শহরের ছোট ব্যবসায়ের (যাদের 10 জন বা তার কম কর্মী আছে) জন্য কাজ করা কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 10.50 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 1.50 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/2018 এ 13.50 মার্কিন ডলার হবে, এবং 12/31/2019 এ আরো বৃদ্ধি পেয়ে 15 মার্কিন ডলার হবে।
- নাসাউ, সাফলোক এবং ওয়েস্টচেষ্টার কাউন্টির কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 10 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 1 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/2018 এ 12 মার্কিন ডলার হবে, এবং 12/31/2021 এ আরো বৃদ্ধি পেয়ে 15 মার্কিন ডলার হবে।
- বাকি নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 9.70 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 0.70 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/18 এ 11.10 মার্কিন ডলার হবে, এবং 12/31/2020 এ আরো বৃদ্ধি পেয়ে 12.50 মার্কিন ডলার হবে ০ এরপর সর্বনিম্ন বেতন শ্রম অধিদপ্তরের পরামর্শে বাজেট ডিভিশনের (Division of Budget) ডিরেক্টরের নির্ধারিত ইনডেক্সড শিডিউল অনুযায়ী 15 মার্কিন ডলার হওয়া পর্যন্ত বৃদ্ধি পেতে থাকবে।

ন্যূনতম মজুরি বৃদ্ধি গণনা করা হয় কোনও ব্যক্তি কোথায় কাজ করে, তাদের শিল্প এবং কিছু ক্ষেত্রে তাদের নিয়োগকর্তার ব্যবসায়ের আকারের উপর ভিত্তি করে। ব্যবসা সমূহ এবং কর্মচারীদের

অবহিত করার জন্য, নিউইয়র্ক এর শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে বেশ কয়েকটি সরঞ্জাম রয়েছে: www.labor.ny.gov/minimumwage।

- ন্যূনতম মজুরী সম্পর্কিত সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী (Frequently Asked Questions, FAQs) যা বেশিরভাগ সাধারণ প্রশ্নের উত্তর দেয়
- সেই ন্যূনতম মজুরির সন্ধান সরঞ্জামটি কর্মচারীদের তাদের নিয়োগকর্তাদের ন্যূনতম নগদ মজুরি চেক করার সুযোগ করে দেয়
- এই ন্যূনতম মজুরি সংক্রান্ত তথ্য অনুরোধ ফর্ম কর্মচারীদের অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ দেয় যা ইতিমধ্যে বিভাগের ওয়েবসাইটে উত্তর দেওয়া হয়নি এবং সংস্থাগুলিকে তফসিলযুক্ত বৃদ্ধি সম্পর্কে একটি সরাসরি উপস্থাপনা বা ওয়েবিনার অনুরোধ করার অনুমতি দেয়

ডিপার্টমেন্ট অব লেবার কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য মজুরির সমতা অর্জনের জন্য গভর্নর কুউমোর দৃষ্টিভঙ্গি কে ধন্যবাদ, আমরা লক্ষ লক্ষ শ্রমিককে দারিদ্র্য থেকে দূরে রাখতে এবং তাদের ও তাদের পরিবারের জীবনযাত্রার মান উন্নত করতে সহায়তা করছি। নিউ ইয়র্কের কর্মী শক্তি আমাদের সবচেয়ে বড় সম্পদ, এবং আমাদের অবশ্যই আমাদের কর্মীদের রক্ষা করতে হবে এবং তাদের উন্নতিতে সহায়তা করার জন্য আমাদের নিজের অংশটি করা উচিত। শ্রম বিভাগ সকল নিউ ইয়র্কারদের জন্য ন্যায্য মজুরি নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে যাতে তারা তাদের পরিবারের জন্য সবকিছুর ব্যবস্থা করতে পারে এবং একটি সফল ভবিষ্যত পেতে পারে।"

আরো তথ্য পাওয়া যাবে এখানে www.ny.gov/minimumwage।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন